

যুগান্তর

MAR. 10 2002

তারিখ... ..
পৃষ্ঠা ৩ কলাম... ..

এসএসসি পরীক্ষা : নকল করে কেউ পার পাবে না

শিক্ষা প্রতিমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

নকলমুক্ত এসএসসি পরীক্ষা অনুষ্ঠান নিয়ে সর্বেশ-সংশয়ের মাঝে শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন বলেছেন, এবার পরীক্ষায় নকলের বিরুদ্ধে সর্বাঙ্গিক অভিযান চালানো হবে। নকল করে কেউ পার পেতে পারবে না। 'নকল কালচার' থেকে সমাজকে মুক্ত করতে সামাজিক সচেতনতা গড়ে তুলতে হবে। গতকাল ঢাকা শিক্ষা বোর্ডে আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি বলেন, শিক্ষক-পরীক্ষা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

পরীক্ষা : নকল

(শেষ পৃষ্ঠার পর)

অভিভাবক ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বয়ে নকলমুক্ত পরীক্ষা পরিবেশ নিশ্চিত করা হবে। আগামী ১৪ মার্চ থেকে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষা সামনে রেখে জনমত সৃষ্টির জন্য শিক্ষা প্রতিমন্ত্রী ৭টি শিক্ষা বোর্ডে মতবিনিময় সভা অনুষ্ঠানের উদ্যোগ নিয়েছেন। প্রথম দিনে গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের মতবিনিময় সভায় শিক্ষক ও সরকারি কর্মকর্তারা সৃষ্টভাবে পরীক্ষা-অনুষ্ঠান ও নকল রোধে বিভিন্ন প্রস্তাব দিয়েছেন। শিক্ষকরা প্রয়োজনে পরীক্ষা কেন্দ্রে সেনাবাহিনী ও বিডিআর মোতায়েন করতে বলেছেন। ঢাকার জেলা প্রশাসক আবদুল আজিজ বলেছেন, পরীক্ষা কেন্দ্রে স্থানীয় 'বড়ভাইদের' পরিচয়ে রাজনৈতিক নেতাকর্মী থাকে যারা পরীক্ষা প্রক্রিয়াকে প্রভাবিত করে। শিক্ষা প্রতিমন্ত্রী পরে সাংবাদিকদের বলেছেন, পরীক্ষা কেন্দ্রে রাজনৈতিক নেতাকর্মী, সমাজসেবক, স্কুলের প্রতিষ্ঠাতা, স্কুল কমিটির সদস্য কেউই ঢুকতে পারবে না। এমনকি স্কুলের দফতরীদেরও অন্য স্কুল কেন্দ্রে বদলি করা হবে। তিনি নকল রোধে তার স্বল্পমেয়াদি পরিকল্পনার কথা জানিয়ে বলেন, পরীক্ষা কেন্দ্রের চারপাশে ১৪৪ ধারা যথাযথভাবে কার্যকর করা হবে। পরীক্ষা শেষ হওয়ার ৩০ মিনিটের মধ্যেই কেন্দ্র থেকে খাতা জমা দিতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পরও কেন্দ্রে নকল সম্পর্কে তদন্ত করা হবে, প্রয়োজনে সংশ্লিষ্ট স্কুলের এমপিও বাতিল করা হবে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ জুনায়েদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক আবদুর রশিদ, যশোর শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক আবদুস সাত্তার, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান নুরুল্লাহ খান, মাদ্রাসা শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ইউসুফ ফারুক, মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব সেলিম ভূঁইয়া, গভ. ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক রশিদউদ্দিন জাহিদ, ধানমন্ডি গভ. বয়েজ হাইস্কুলের প্রধান শিক্ষক হাবিবুল্লাহ খান, পুলিশ কর্মকর্তা ইলিয়াস হোসেন, মুশফিকুর রহমান ও ঢাকা বোর্ডের সচিব মোখলেছুর রহমান।

শিক্ষা প্রতিমন্ত্রী নকলবিরোধী প্রচারণা চালাতে আজ কুমিল্লা, আগামীকাল রাজশাহী, মঙ্গলবার সিলেট ও বুধবার চট্টগ্রাম শিক্ষা বোর্ডে মতবিনিময় সভায় যোগ দেবেন। আগামী বৃহস্পতিবার পরীক্ষার প্রথম দিন তিনি বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করবেন। শুক্রবার তিনি বরিশালে ও রোববার যশোর শিক্ষা বোর্ডে নকলবিরোধী সভায় যোগ দেবেন।